গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.১১.০০১.২০২০(অংশ).

তারিখঃ ০৫ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ
২১ অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নোক্ত শূণ্য পদ অস্থায়ীভাবে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে উল্লিখিত শর্ত সাপেক্ষে ছক মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ১। | ড্রাইভার<br>জাতীয় বেঃ স্কেল, ২০১৫<br>গ্রেড-১৫,<br>বেতন ক্রমঃ ৯৭০০-২৩৪৯০/- | ০১(এক)টি | হালকা এবং ভারী মোটরযান চালনায় বৈধ লাইসেন্সসহ অন্যুন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, শরিয়তপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা ও চুয়াডাঙ্গা। |

শর্তাবলি :

১। **আগামী ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে ১১/১১/২০২১ খ্রিঃ** তারিখ পর্যন্ত সময়ের মধ্যে ''মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭'' ঠিকানায় ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গৃহিত হবে না। অগ্রিম বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। আবেদনকারীর বয়স ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বছর।

৩। প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান কোটানীতি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/ প্রত্যয়নপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে। এতিমখানা নিবাসীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।

৪। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৬(ছয়) কপি পাসপোর্ট সাইজ ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামের সীলসহ) কর্তৃক সত্যায়ন করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার ''নামের সীল'-সহ সত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। আবেদনপত্রের সাথে **'মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭'** বরাবরে **কোড নং ১-৭৩৭৫-০০০০-২০৩১** তে ১০০(একশত) টাকা জমার ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

৭। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৮। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা প্রদান করা হবে না।

১০। প্রার্থীর নিজ ঠিকানা প্রাপক হিসেবে উল্লেখপূর্বক ১০(দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ ০১(এক) টি ''ফেরত খাম'' আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। এই বিজ্ঞপ্তিটি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট (www.dip.gov.bd) তে পাওয়া যাবে এবং উক্ত ওয়েবসাইট হতে আবেদনপত্র পূরণের নির্ধারিত 'ছক' ডাউনলোড করে আবেদন করতে হবে।

২১/১০/২০২১

( মোঃ ইসমাইল হোসেন )
উপপরিচালক(প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে।

পাসপোর্ট সাইজের
ছবি ০৬(ছয়) কপি

বরাবর
মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও,ঢাকা-১২০৭

**'ছক'**

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | তারিখ: | |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ছ র | ৬. জন্মস্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর / মাস / দিন | |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |

| | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম ও নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোষ্ট কোড নম্বর: | | |
| | উপজেলা/থানা: | | |
| | জেলা: | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান নম্বর: | | তারিখ: দি ন মা স ব ছ র |
| | ব্যাংক ও শাখার নাম: | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ / না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: দি ন মা স ব ছ র

প্রার্থীর স্বাক্ষর